

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-6

(উপন্যাস)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদত্তমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$ 

- ক) 'রাজসিংহ' উপন্যাসে বর্ণিত ঔরঙ্গজেবের দুই বোনের পরিচয় দাও।
- খ) মানিকলালের নকল আঙুল কি দিয়ে তৈরি হয়েছিল?
- গ) 'অ্যাফিনিটি' বলতে সন্দীপ কি বুঝিয়েছেন?
- ঘ) 'অচেনা বাইরের সঙ্গে চেনাশুনো সম্পূর্ণ হয়ে যখন একটা বোঝাপড়া পাকা হয়ে যাবে তখন দেখব আমার স্থান কোথায়?' — কে বলেছে? কি প্রসঙ্গে?
- ঙ) 'তখন মবারক জুতা খুলিয়া একটা পিঞ্জরের উপর পা দিলেন' — কেন ? পিঞ্জরে কি ছিল?

- চ) 'তোমার মত লোক মনোমোহিনী সুন্দরী যে রাজার মহিষী, সকলেই তাঁহাকে ভাগ্যবান বলিবে' — কে, কাকে, কখন বলেছে?
- ছ) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা, নিখিলেশ ও সন্দীপের কয়টি করে আত্মকথা আছে?
- জ) 'আমাদের ঘরে এই ভোগের সংসারে খুব অল্প স্ত্রীই যথার্থ স্ত্রীর সম্মান পেয়েছেন' — কার উক্তি? এ কথা কেন বলেছে?
- ঝ) 'এতবড় মহাপ্রাণ ত আর কখনও দেখিতে পাই নাই' — কে বলেছে, কার সম্পর্কে? 'মহাপ্রাণ' কেন বলা হয়েছে?
- ঞ) 'ছেলেবেলায় একবার যাকে ভালোবাসা যায়, তাকে কি কখনো ভোলা যায়?' — কে বলেছে, কাকে বলেছে?
- ট) একজন চাষি সস্তা দামের জার্মান শাল কিনেছিল, তার শালের কি পরিণতি হয়েছিল?
- ঠ) 'এমনই মানুষের স্বাধীনতার মূল্য। এমনই মানুষের ব্যক্তিগত ন্যায্য অধিকার লাভ করার আনন্দ' — এখানে কি স্বাধীনতার কথা বলা হয়েছে?
- ড) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের প্রথম পরিচয় কিভাবে হয়?
- ঢ) 'আমার ভিতরে মা জেগে উঠল যে!' — কার মনোভাব এটি? কেন তার এমন মাতৃভাব জেগেছে?
- ণ) 'মুখ তুলিয়া দেখি, ইন্দ্রের দুই চোখ বাহিয়া বড় বড় অশ্রুর ফোঁটা ঝরিয়া পরিতেছে' — কেন ইন্দ্র কাঁদছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ক) 'বুড়ি যে সৌন্দর্য দেখিল, তাহা দেখিয়া প্রণত হইতে হয়' — প্রসঙ্গসহ আলোচনা করো।
- খ) অন্নদাদিদি ও শাহজীর দাম্পত্য জীবনের বিবরণ দাও। শাহজীর মৃত্যুর কারণ কী?
- গ) 'জেবউন্নিসা' চরিত্র বিশ্লেষণ করো।
- ঘ) 'তেমনি আমার পণ এই যে, কোনো—একটা উত্তেজনার কড়া মদ খেয়ে উন্মত্তের মতো দেশের কাজে লাগব না' — এই মন্তব্যের আলোকে নিখিলেশের দেশপ্রেমকে ব্যাখ্যা করো।
- ঙ) সন্দীপ বিমলার কাছে কত টাকা চেয়েছিল? সেই টাকা সংগ্রহ করার ইতিহাস লেখো। টাকা ফেরতের জন্য কি কি ঘটে?
- চ) 'না জানিয়া নারীর কলঙ্কে অবিশ্বাস করিয়া সংসারে বরঞ্চ ঠকাও ভালো, কিন্তু বিশ্বাস করিয়া পাপের ভাগী হওয়ায় লাভ নাই' — প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বিচার করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ক) ঐতিহাসিক উপন্যাস হিসাবে রাজসিংহের সার্থকতা বিচার করো।
- খ) চন্দ্রনাথবাবু, মেজোরানী, অমূল্য — এই তিনটি চরিত্র 'ঘরে বাইরে' উপন্যাসে কত গুরুত্বপূর্ণ আলোচনা করো।

গ) 'ঘরে বাইরে' উপন্যাসে রাজনৈতিক পটভূমি থাকলেও প্রকৃতপক্ষে এটি একটি মনস্তাত্ত্বিক উপন্যাস — মন্তব্যটি ব্যাখ্যা করো।

ঘ) 'বড় প্রেম শুধু কাছেই টানে না - ইহা দূরেও ঠেলিয়া ফেলে' — শ্রীকান্ত-রাজলক্ষ্মীর সম্পর্কের ক্ষেত্রে মন্তব্যটি ব্যাখ্যা করো।